# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**22 MAY 2025 7:35—7:40 AM IST**

==================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভার্চ্যুয়াল ব্যবস্থার মাধ্যমে নগাঁও জেলার হয়বরগাও রেল ষ্টেশন সহ দেশের ১০৩টি রেল ষ্টেশনকে অমৃত ভারত ষ্টেশনে উন্নিত করার পর নতুন করে উদ্বোধন করবেন । উত্তর-পূর্ব সীমান্ত রেলের পক্ষ থেকে জানানো হয়েছে যে এ উপলক্ষ্যে আজ হয়বরগাও রেল ষ্টেশনে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য উপস্থিত থাকবেন । উল্লেখ্য অমৃত ভারত ষ্টেশন প্রকল্পের অধীনে , ১৮৮৭ সালে স্থাপিত হয়বরগাও রেল ষ্টেশনকে অত্যাধুনিক সাজে সাজিয়ে তোলা হয়েছে । অমৃত ভারত ষ্টেশনগুলিতে উভয় দিক থেকে যাত্রীদের প্রবেশের সুবিধা , যাত্রীদের জন্য ফুটব্রীজ , দিব্যাঙ্গদের জন্য বিশেষ প্রয়োজনীয় সুবিধা , বিনামূল্যে ওয়াই-ফাই সুবিধা সহ ষ্টেশনগুলিতে শপিংমল , ইন্টারনেট ও কাফের সুবিধা রয়েছে । এছাড়াও নবনির্মীত ষ্টেশনগুলিকে স্থানীয় সংস্কৃতি প্রতিফলিত করে বিভিন্ন প্রতিকৃতি এবং আলোকচিত্রের সমাহারে সাজানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যে আগামী পয়লা অক্টোবর থেকে আসাম চা কোম্পানি লিমিটেড’এর চা শ্রমিকদের দৈনিক মজুরি ২২০ টাকা থেকে বাড়িয়ে ২৫০ টাকা করা সহ রাজ্যের সৌরশক্তি উৎপাদনের সম্ভাবনাকে সম্পূর্নরূপে ব্যবহার করতে অসম সৌরশক্তি উৎপাদন প্রচার নীতি-২০২৫-এ আসাম মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে ।

গতকাল দেড়গাঁওয়ের লাচিত বরফুকন পুলিশ অ্যাকাদেমিতে আয়োজিত আসাম মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা একথা জানিয়েছেন । মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানান যে- ২০৩০ সালের মধ্যে তিন হাজার ৫০০ মেগাওয়াট সৌরশক্তি উৎপাদন করে এবং রাজ্যে বেসরকারী এবং সরকারী ক্ষেত্রে বিনিয়োগকে আকর্ষিত করে প্রায় ১৫ হাজার কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার লক্ষ্য গ্রহণ করা হয়েছে । এছাড়া রাজ্যের পর্যটন শিল্প অর্থনীতিকে আরো চাঙ্গা করে

তোলার উদ্দেশ্যে উন্নতমানের প্রেক্ষাগৃহগুলিকে বিশ্বমানের আলো এবং ধ্বনি প্রযুক্তির মাধ্যমে  বিকশিত করে গড়ে তোলার বিষয়ে বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় ।   মন্ত্রীসভার বৈঠকে লাচিত বরফুকন পুলিশ অ্যাকাদেমির উন্নয়নের দ্বিতীয় পর্যায়ের জন্য ২২৯ কোটি ৪১ লক্ষ টাকার প্রশাসনিক অনুমোদন জানানো হয়েছে ।

এছাড়া ডিব্রুগড় শহরকে রাজ্যের দ্বিতীয় রাজধানীর রূপ দেওয়ার উদ্দেশ্যে এই শহরে বিধানসভার নতুন ক্যাম্পাস এবং বিধায়কদের আবাসগৃহ নির্মাণের জন্য মন্ত্রীসভা ২৮৪ কোটি তিন লক্ষ টাকা বরাদ্দে অনুমোদন জানিয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় আগামীতে প্রতি দিন একশ টন করে মাছের খাদ্য উৎপাদন করা সম্ভব হবে এবং এর ফলে বরাক উপত্যকা মাছের খাদ্য উৎপাদনে আত্ম-নির্ভর হয়ে উঠবে । কেন্দ্রীয় জল শক্তি প্রতিমন্ত্রী ডক্টর রাজ ভূষন চৌধুরী গতকাল হাইলাকান্দি জেলার বন্দুকমারায় মৎস্য উন্নয়ন বিভাগের উদ্যোগে মাছের খাদ্য-দানা ভুসি উৎপাদনের একটি প্রকল্পের পরিদর্শন করে একথা বলেছেন ।

---

এদিকে কেন্দ্রীয় জল শক্তি প্রতিমন্ত্রী ডক্টর রাজ ভূষন চৌধুরী গতকাল হাইলাকান্দি জেলার আলগাপুর উন্নয়ন খন্ডের অধীন কাপনারপারে ৯০ নম্বর মডেল অঙ্গনওয়ারি কেন্দ্রের নতুন ভবনের উদ্বোধন করে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলোতে থাকা সরকারী পরিষেবার সুযোগ গ্রহন করতে অভিভাবকদের প্রতি  আবেদন জানিয়েছেন । কেন্দ্রীয় মন্ত্রী ডক্টর চৌধুরী বলেন যে প্রাক বিদ্যালয় হিসেবে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলোতে শিশুদের অক্ষর জ্ঞানের পাশাপাশি পরিপূরক আহার সামগ্রীও প্রদান করা হয়ে থাকে । কিন্তু অধিকাংশ অভিভাবক এ সর্ম্পকে সচেতন না থাকায় , শিশুরা এইসব পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে । গতকালের অনুষ্ঠানে বিধায়ক নিজাম উদ্দিন চৌধুরী , জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

প্রকৃতি সংরক্ষণ এবং মহিলাদের সবলীকরণের সমন্বয়ে শিলচর শহরে গতকাল থেকে ‘ওমেন ফর ট্রি’স’ শীর্ষক এক সবুজ অভিযান আরম্ভ হয়েছে । কেন্দ্রীয় গৃহনির্মাণ এবং শহর পরিক্রমা মন্ত্রকের পরিকল্পনার অধীনে অটল মিশন ফর রিজুভিনেশন এন্ড আরবান ট্রান্সফর্মেশন এবং জাতীয় শহরাঞ্চল জীবিকা অভিযানের যৌথ প্রচেষ্টায় শিলচর শহরে এই কার্যসূচী অনুসঠিত হয়েছে । কার্যসূচীর শুরুতে শিলচর শহরের  আরবান লোক্যাল বোর্ডের আধিকারিক এবং আত্মসহায়ক গোষ্ঠীগুলির সদস্যরা কাছাড় কলেজ

সংলগ্ন এস এল আর এম সেন্টারকে গাছ রোপণের প্রাথমিক স্থান হিসেবে বাছাইয়ের সিদ্ধান্ত নেন । এই স্থান থেকেই পরিবেশ সুরক্ষার এক দীর্ঘ যাত্রা আরম্ভ হবে বলে অভিমত ব্যক্ত করা হয় । এই বৃক্ষ রোপণ এবং তাদের রক্ষণাবেক্ষণের মাধ্যমে শহরের পারিপার্শ্বিক ভারসাম্য ফিরিয়ে আনার প্রয়াস শুরু করার লক্ষ্য নির্দ্ধারণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার কৃষি বিভাগের সহকারী কার্য্যবাহী বাস্তকার এক বিজ্ঞপ্তিতে রাজ্য সরকারের কৃষি যান্ত্রিকীকরন উপ-প্রকল্পের অধীনে বিভিন্ন কৃষি যন্ত্রপাতি রেহাই মূল্যে প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করেছেন । এই যন্ত্রপাতির মধ্যে রয়েছে ৪৩টি পাওয়ার টিলার , ধান মাড়াইর যন্ত্র , ট্রেক্টার ,রোটভেটর রয়েছে । আগামী ৩১শে মে-র মধ্যে আবেদন পত্র জমা করতে বলা হয়েছে । বিশদ বিবরন জেলা কৃষি আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে ।

---------------------------------------------------------------------------------

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে চলতি অর্থ বছরের স্বল্প মেয়াদী এন্টার প্রেনিয়ারশিপ ডেভোলাপমেন্ট প্রোগ্রাম প্রশিক্ষন কর্মশালা আজ থেকে শিলচর জেলা গ্রামোন্নয়ন সংস্থার পুরোন কার্য্যলয়ে অনুষ্ঠিত হবে । কাছাড় ও হাইলাকান্দি জেলার ইচ্ছুক যুবক-যুবতীরা ভোটার কার্ড , পেন কার্ড, আধার কার্ড , ব্যাঙ্ক পাসবুক , রেশন কার্ড , স্বাস্থ্য বীমার প্রমান পত্র সহ পাঁচ কপি পাসপোর্ট সাইজের ফোটে জমা করে প্রশিক্ষন কর্মশালায় অংশগ্রহন করতে পারবেন । প্রশিক্ষনে আসাম রাজ্য গ্রামীন জীবিকা মিশন এর আত্ম-সহায়ক দলের মহিলা সদস্যদের বিশেষ অগ্রাধিকার প্রদান করা হবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------